

রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বেলায়াত ও যিকর রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ঙ. কুরআন-হাদীসের আলোকে যিকরের পরিচয় - (৩) সকাল-বিকালে আল্লাহর নামের যিকর অর্থ সালাত আদায় করা

কুরআন করীমে ইরশাদ করা হয়েছেঃ

وَاذْكُرِ اسْمَ رَبِّكَ بُكْرَةً وَأُصِيلًا

"এবং সকালে ও বিকালে তোমার প্রভুর নাম যিকর কর।"[1]

এই আয়াতের ব্যাখ্যায় ইবনু যাইদ বলেনঃ "সকালের যিকর ফজরের সালাত এবং বিকালের যিকর যোহরের সালাত।[2] ইমাম তাবারী এর ব্যাখ্যায় বলেনঃ 'হে মুহাম্মাদ, আপনি আপনার প্রভুর নামের যিকর করুন। সকালে ফজরের সালাতে এবং বিকালে যোহর ও আসরের সালাতের মধ্যে আপনি তাঁকে তাঁর নাম ধরে ডাকুন।"[3]

আল্লামা কুরতুবী এই আয়াতের তাফসীরে বলেনঃ 'সকালে ও বিকালে আপনার প্রভুর নামের যিকর করুন, অর্থাৎ দিনের প্রথমে ফজরের সালাত ও দিনের শেষে যোহর ও আসরের সালাত আপনার প্রভুর জন্য আদায় করুন। আর রাত্রে তাঁর জন্য সাজদা করুন অর্থ মাগরিব ও ঈশা'র সালাত আদায় করুন। আর দীর্ঘ রাত্র তাঁর তাসবীহ করুন অর্থ রাত্রে নফল সালাত আদায় করুন।'[4]

উপরিউক্ত আয়াতের ব্যাখ্যায় তাফসীরে জালালাইনে বলা হয়েছেঃ "আপনি আপনার প্রভুর নাম যিকর করুন সালাতের মধ্যে সকালে ও বিকালে অর্থাৎ ফজর, যোহর ও আসরের সালাতে।"[5]

ফুটনোট

- [1] সূরা ইনসানঃ ২৫।
- [2] তাবারী, তাফসীরে তাবারী ২৯/২২৫।
- [3] তাবারী, তাফসীরে তাবারী ২৯/২২৫।
- [4] তাফসীরে কুরতুবী ১৯/১৫০।



[5] তাফসীরে জালালাইন ১/৭৮৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8728

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন